গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।
(সাধারণ শাখা)
www.rangpurdiv.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)বাস্তবায়নে পরিবীক্ষণ কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আবু জাফর<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)<br>রংপুর বিভাগ, রংপুর |
| সভার তারিখ | : | ০২ এপ্রিল, ২০২৩ খ্রি. |
| সময় | : | বেলা ১১.০০ টা |
| স্থান | : | বিভাগীয় কমিশনার, রংপুর এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট ''ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)। |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম অংশে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন এবং ১.২ কার্যক্রম অংশে পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সভায় কমিটির কার্যপরিধি অনুযায়ী বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া আওতাধীন অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক সভা আয়োজন এবং হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুরের সিটিজেন চার্টার বাস্তবায়ন ও কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন ও কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত সূচকের ব্যাখ্যা ও মুল্যায়ন প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ অনুযায়ী এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে। পরিবীক্ষণ কমিটিতে কোন সংশোধনী না থাকায় পুনরায় পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করার প্রয়োজন নেই মর্মে আলোচনা হয়। তিনি এ কার্যালয় ও রংপুর বিভাগের সকল জেলার সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন, সভা আহবান ও সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন। | ১) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ০৮.০৩.২০২৩ তারিখে পুনর্গঠন করা হয়। ৪র্থ ত্রৈমাসিকে পরিবীক্ষণ কমিটিতে সংশোধনী না থাকায় কমিটি পুনর্গঠন করার প্রয়োজন নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) রংপুর বিভাগের সকল জেলায় সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন, সভা আহবান ও সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) রংপুর<br><br>জেলা প্রশাসক (সকল) রংপুর বিভাগ, রংপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন। | সদস্য সচিব সভাকে জানান, এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ০৪ টি সভা আয়োজনের বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। দপ্তর/সংস্থার সমন্বয়ে আগামী জুন মাসে ৪র্থ ত্রৈমাসিক সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয় । | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে আগামী জুন মাসে ৪র্থ ত্রৈমাসিক সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি শাখা) রংপুর। |
| ০৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ ( আওতাধীন দপ্তর সংস্থাসহ) | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ রংপুরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে সেবার নাম, সেবা প্রদানে সর্বোচ্চ সময় ও প্রয়োজনীয় কাগজপত্রসহ সুনির্দিষ্ট ছক অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ রংপুরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে সেবার নাম, সেবা প্রদানে সর্বোচ্চ সময় ও প্রয়োজনীয় কাগজপত্রসহ মন্ত্রিপরিষদ বিভাগের ছক অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে তথ্য হালনাগাদ করতে হবে। | সিনিয়র সহকারী/সহকারী কমিশনার (সকল শাখা), রংপুর বিভাগ, রংপুর। |
| ০৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন: | এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.১ অংশে ষান্মাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০২ (দুই) টি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। সভায় কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক একটি কর্মশালা / প্রশিক্ষণ/ সেমিনার ২৯ সেপ্টেম্বর/২০২২ তারিখে করা হয়েছে। ২য় কর্মশালা/ প্রশিক্ষণ/সেমিনার ২৩ ফেব্রুয়ারি/২০২৩ মাসে সম্পন্ন করা হয়েছে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি শাখা) রংপুর। |
| ০৫ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজন: | এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.২ অংশে ষান্মাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয় অন্তর্ভূক্ত রয়েছে। সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, সাংবাদিক, শিক্ষাবিদ ৪র্থ ত্রৈমাসিকে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা অয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক সভা আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি শাখা) রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/৪/২০২৩

মো: আবু জাফর
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)
রংপুর বিভাগ, রংপুর
ও
আহবায়ক,
সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)।
ফোন নং- ০২৫৮৮৮১২০০২ (অফিস)
ইমেইলঃadldivcomrrangpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.০০০০.০০৫.০২.০০৭.১৮- ২২৬(১১)

তারিখ: ১৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ / ০২ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। পরিচালক, স্থানীয় সরকার রংপুর বিভাগ, রংপুর।

২। জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর।

৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৪। বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, রংপুর বিভাগ, রংপুর ( বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থেঃ

৫। ...................................................................

...................................................................

...................................................................

০২/০৪/২০২৩

রিফাত আনজুম পিয়া
সিনিয়র সহকারী কমিশনার
আইসিটি শাখা
ফোন- ০২৫৮৮৮১২০১১ (অফিস)